

মুজিব জন্ম শতবর্ষ উপলক্ষ্যে “মুজিব বর্ষের অঙ্গীকার সড়ক হবে সংস্কার” এ শ্লোগানের বাস্তব প্রতিফলন ঘটানোর লক্ষ্যে চলতি অর্থ বছরে এলজিইডি অক্টোবর মাসকে রক্ষণাবেক্ষণ মাস হিসেবে উদযাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

রক্ষণাবেক্ষণ মাসের উদ্দেশ্যঃ

- গ্রামীণ সড়ক এবং সড়ক অবকাঠামোর ক্ষয়-ক্ষতির হার কমিয়ে এনে সড়কের স্থায়ীত্বকাল বৃদ্ধি করা।
- গ্রামীণ সড়কে যানবাহন চলাচল নিরাপদ করা।
- সড়ক রক্ষণাবেক্ষণে বরাদ্দকৃত অর্থের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা।

রক্ষণাবেক্ষণ মাসের লক্ষ্যমাত্রা ও গৃহীত পদক্ষেপঃ

- ২০২০-২০২১ অর্থ বছরে নিয়মিত রক্ষণাবেক্ষণ কার্যক্রম বাস্তবায়নের জন্য সাতকানিয়া উপজেলায় On Pavement এ ০৬টি প্যাকেজে মোট ৮.৯২৭ কি:মি: সড়ক রক্ষণাবেক্ষণের জন্য অনুমোদন পাওয়া গেছে। যার প্রাক্কলিত মূল্য ৪.৩১ কোটি টাকা।
- ২০২০-২০২১ অর্থ বছরে Off Pavement রক্ষণাবেক্ষণ কার্যক্রম বাস্তবায়নের জন্য Maintenance ক্র'র (দুস্থ মহিলা কর্মী) সংখ্যা ৩৫ জন। সুপারভাইজার ০১জন নিযুক্ত করা হয়েছে। এছাড়াও গ্রামীণ সড়ক রক্ষণাবেক্ষণের জন্য আরইআরএমপি-৩ প্রকল্পের মাধ্যমে প্রতি ইউনিয়নে ১০ জন করে মোট ১৭০জন মহিলা কর্মী নিয়োগ করা হয়েছে।

গত ০১-১০-২০২০ইং তারিখে সাতকানিয়া উপজেলায় Off Pavement রক্ষণাবেক্ষণ কার্যক্রমের আওতায় মাদার্সা সোনাকানিয়া ভায়া সমিতি সড়কের Mobile Maintenance শুরু দিনে উপস্থিত থেকে প্রয়োজনীয় দিক নির্দেশনা দেন এলজিইডি'র উপজেলা প্রকৌশলী জনাব পারভেজ সারোয়ার হোসেন, সাতকানিয়ার উপজেলা নির্বাহী অফিসার জনাব মো: আব্দুস সালাম চৌধুরী, উপ-সহকারী প্রকৌশলী জনাব আবুল কালাম, সার্ভেয়ার জনাব মো: আবুল কালাম এবং কমিউনিটি অর্গানাইজার জনাব এস, কে,এম জসিম উদ্দিন। এছাড়াও উক্ত অনুষ্ঠানকে প্রানবন্ত করতে উপস্থিত ছিলেন, স্থানীয় মাদার্সা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আ, ন, ম, সেলিম, সাতকানিয়া প্রেস ক্লাবের সভাপতি প্রবীণ সাংবাদিক জনাব সৈয়দ মাহফুজ-উন-নবী খোকন এবং দৈনিক আজাদী পত্রিকার সাতকানিয়া প্রতিনিধি সিনিয়র সাংবাদিক জনাব মোঃ জাহাঙ্গীর আলম।